

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৭, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৩ শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/ ০২ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং ০৭.০০.০০০০.০০০.১৭৩.৪৪.০০৮৬.২৬-১০৬—সরকার জাতীয় বেতনস্কেলের আওতাভুক্ত লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মচারীগণের অনুকূলে ৩০ জুন ২০২৬ তারিখে বিশেষ ভাতা হিসাবে আহরিত টাকার পরিমাণের উপর ২০ (বিশ) শতাংশ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বৃদ্ধি করিল:

শর্তাবলি:

- ৩০ জুন ২০২৬ তারিখে আহরিত বিশেষ ভাতার টাকার পরিমাণের সহিত উক্ত পরিমাণের ২০ (বিশ) শতাংশ যোগ করিয়া যেই পরিমাণ নির্ধারিত হইবে ১ জানুয়ারি ২০২৮ তারিখ হইতে সেই পরিমাণ বিশেষ ভাতা পাইতে থাকিবেন। ৩১ ডিসেম্বর ২০২৭ তারিখ পর্যন্ত অর্থ বিভাগের ১৯ আগস্ট ২০১৩ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০১৮.১৩-১২৬ নং স্মারক অনুযায়ী বিশেষ ভাতা প্রাপ্য হইবেন;
- জাতীয় বেতনস্কেল, ২০২৬ অনুযায়ী মূল বেতনের শতাংশ হিসেবে এই ভাতার হার বা পরিমাণ নির্ধারিত হইবে না; এবং
- প্রেমণে নিয়োজিত কর্মচারীগণ স্ব-স্ব দপ্তরের জন্য বিশেষ ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রাপ্য হইবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ ফেরদৌস আলম
যুগ্মসচিব

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd
(২৫৩৩৫)

মূল্য : টাকা ৪.০০